গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-১ শাখা

## অর্থ বিভাগের সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৫) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হাসান খালেদ ফয়সাল<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) |
| তারিখ ও সময় | : | ২৫ মার্চ ২০২৫ খ্রি:, বেলা ১০.০০ টা |
| স্থান | : | প্রশাসন ও সমন্বয় অনুবিভাগের সভাকক্ষ<br>(কক্ষ নং ১৬২০, ১৬তলা, ভবন নং-১১) |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে প্রদান করা হলো:

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি গত ১৮ মার্চ ২০২৫ তারিখে হালনাগাদ করা হয়েছে। অর্থ বিভাগের সিটিজেন চার্টারটি নিয়মিত হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করা সমীচীন। এতে সেবাগ্রহীতাদের সেবা প্রাপ্তি সহজ হয়। তিনি সেবাগ্রহীতাদের প্রদত্ত সেবার মান, দায়বদ্ধতা ও স্বচ্ছতা নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন। নাগরিকের প্রয়োজন ও প্রত্যাশা অনুযায়ী সেবার মান নিশ্চিত করার বিষয়ে সচেষ্ট থাকারও তিনি পরামর্শ প্রদান করেন যেন সেবা গ্রহণকারীরা সেবা নিতে গিয়ে বিড়ম্বনার শিকার না হয়। এছাড়া, তিনি অর্থ বিভাগের ও সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার তিন মাস পরপর (ত্রৈমাসিক ভিত্তিতে) হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব জনাব সাজিয়া আফরোজ প্রস্তুতকৃত ত্রৈমাসিকভিত্তিতে (জানুয়ারি-মার্চ, ২০২৫) অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। তিনি জানান, অর্থ বিভাগের সেবা প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর, ই-মেইলসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ করা হয়েছে। সভায় উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

২.১। হালনাগাদকৃত সিটিজেন চার্টারটি (জানুয়ারি-মার্চ, ২০২৫) অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
(বাস্তবায়নে-সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ ও সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা)

২.২। অর্থ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী নাগরিকের প্রয়োজন ও প্রত্যাশা মোতাবেক নির্দিষ্ট সময়সীমার মধ্যে সেবা প্রদানের বিষয়ে সকল শাখা/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সচেষ্ট থাকতে হবে। (সংশ্লিষ্ট সকল কর্মকর্তা)

২.৩। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং সেবাগ্রহীতাদের মতামত/অবহিতকরণ সংক্রান্ত সভা প্রয়োজনীয়তা সাপেক্ষে আহ্বান করতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব, প্রশিক্ষণ শাখা/সহকারী সচিব, কর্মসম্পাদন শাখা এবং সিজিএ কার্যালয়)

(অ: পৃ: দ্র:)

২.৪। অর্থ বিভাগের সিটিজেন চার্টার প্রতি তিন মাস পরপর হালনাগাদ করে তা ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(বাস্তবায়নে-সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ ও সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা

২.৫। সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার তিন মাস পরপর হালনাগাদ করে তা ওয়েবসাইটে আপলোডপূর্বক অর্থ বিভাগকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(বাস্তবায়নে-সিজিএ কার্যালয়)

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৭/০৩/২০২৫
(হাসান খালেদ ফয়সাল)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.৩৬.০০৩.২৫- ১১০

তারিখ: ১৩ চৈত্র ১৪৩১ / ২৭ মার্চ ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: উপসচিব, সুশাসন অধিশাখা, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড)
২। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১), অর্থ বিভাগ
৪। উপসচিব, বাজেট-১/প্রশাসন-২ / প্রশাসন-৪/ প্রশিক্ষণ, অর্থ বিভাগ
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ
৬। সভায় উপস্থিত কর্মকর্তা, জনাব ..........................................অর্থ বিভাগ
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ
**(কার্যবিবরণীটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)**
৮। সহকারী সচিব, কর্মসম্পাদন শাখা, অর্থ বিভাগ
৯। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।

২৭/০৩/২০২৫
(সাজিয়া আফরোজ)
সিনিয়র সহকারী সচিব
ও
ফোকাল পয়েন্ট
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

অদ্য ২৫ মার্চ ২০২৫ তারিখ মঙ্গলবার বেলা ১০.০০ টায় অর্থ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের সভাপতিত্বে প্রশাসন ও সমন্বয় অনুবিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির ২০২৪-২৫ অর্থবছরের তৃতীয় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৫) সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষরের তালিকা:

<u>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

| ক্রমিক নম্বর | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| (১) | জনাব মোঃ নজরুল ইসলাম<br>যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১) | [স্বাক্ষর] |
| (২) | জনাব মোহাম্মদ জাকির হোসেন<br>উপসচিব (বাজেট-১ শাখা) | |
| (৩) | জনাব মোহাম্মদ আশফাকুল নুমান<br>উপসচিব (প্রশাসন-২ শাখা) | [স্বাক্ষর] ২৫.০৩.২০২৫ |
| (৪) | জনাব মোহাম্মদ ইকবাল হোসেন<br>উপসচিব (প্রশাসন-৪ শাখা) | [স্বাক্ষর] ২৫/০৩/২৫ |
| (৫) | জনাব মোঃ হুমায়ূন কবির<br>উপসচিব (প্রশিক্ষণ শাখা) | [স্বাক্ষর] ২৫/০৩/২৫ |
| (৬) | মিজ্ সাজিয়া আফরোজ<br>সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা) | [স্বাক্ষর] 25.03.2025 |
| (৭) | জনাব মোঃ আব্দুস সালাম শাহ্<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি অধিশাখা) | [স্বাক্ষর] 25.03.2025 |
| (৮) | মো: আব্দুর রাজ্জাক<br>DCGA | [স্বাক্ষর] 25.3.25 |